

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ২। বসে ভাব পরের ভাবনা, নিজের ভাবনা করনা,
পরকে খাওয়াও, পরকে সাজাও, পরকে দাও গহনা।
আপন জমি চাষ কর না পরের জমির ঘাস নিড়াও ॥
- ৩। ভাব দেখাতে গৌসাই সেজেছ, আবার কপনি পরেছ,
মাথা মুড়ে কপাল জুড়ে ফোঁটা কেটেছ।
থেকে একাদশী উপবাসী ঠাকুর ঘরে কলা খাও ॥
- ৪। লেখাপড়া অনেক শিখেছ, রকমারী ডিগ্রী পেয়েছ,
হাকিম সেজে হুকুম দিয়ে কত ফাঁসি দিয়েছ,
ঐ যে তোমার ফাঁসি, বুলছে আসি,
দেখরে ক্রিসে নিস্তার পাও ॥
- ৫। গালটি ধরে মাতাম দাও ভারি, ধূলায় দাও গড়াগড়ি,
কপটি মেরে ভাবটি মেরে, ভাব দেখাও ভারি।
নাই প্রেম সম্বল লক্ষ-বাক্ষ, মিছামিছি চুল ঝাঁকাও ॥
- ৬। এ সব কাণ্ড কারখানা দেকে ভাল লাগে না,
দেখলে ভণ্ড ভাবুক, মার চাবুক, পাঠাও ধরে জেলখানা।
মহানন্দের বাণী শোন্ অশ্বিনী, ভণ্ডামী ভাব ছেড়ে দাও ॥

১৭৪ নং তাল-একতালা

আমার মন যা দিয়ে নিল হ'রে একা আমি কেমন করে।
থাকি বল ঘরে বসে ॥

- ১। আমার মন হল তার মনের মত,
এই দেহ মোর কি দোষ করেছে ॥